



বাংলাদেশ ওভারসিজ এমপ্লয়মেন্ট অ্যান্ড সার্ভিসেস লিমিটেড (বোয়েসেল)

ISO 9001 : 2015

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়

‘বোয়েসেল নৈতিক, নিরাপদ ও দক্ষ অভিবাসন নিশ্চিত করে’

স্থাপিত - ১৯৮৪



বোয়েসেল-এর মাধ্যমে সরকারিভাবে ব্রুнай-এ পুরুষ কর্মী নিয়োগ

বিজ্ঞপ্তি নং-৪৯.০২.০০০০.০০০.০৫.০৩৬.২৪/ ৬২৫

তারিখ: ২৭.০৩.২০২৫

বোয়েসেল-এর মাধ্যমে ব্রুнай-এর বিভিন্ন কোম্পানিতে নিম্নবর্ণিত পদে দক্ষ পুরুষ কর্মী নিয়োগ করা হবে:

ক্র.	কোম্পানির নাম	পদের নাম ও সংখ্যা	বেতন/মজুরি	বয়স	অভিজ্ঞতা
১.	Syarikat Rosmah A.R. Dan Keluarga	General Worker-1	প্রতিদিন 20 BND/ =১৬০০/- টাকা।	বয়স ২০-৪৫ বছরের মধ্যে হতে হবে।	বর্ণিত পদের প্রার্থীদের সংশ্লিষ্ট কাজের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।
২.	Raihan Berjaya Contractor (Re-advertisement)	Construction Labourer-8	প্রতিমাসে 600 BND/ =৪৮০০০/- টাকা।	বয়স ২০-৪০ বছরের মধ্যে হতে হবে।	

চাকুরীর শর্তাবলী:

- শ্রম চুক্তি : ০২ (দুই) বছর ও নবায়নযোগ্য
- কর্মঘণ্টা: দৈনিক ৮ ঘণ্টা ডিউটি;
- থাকা: কোম্পানি বহন করবে;
- খাওয়া: কর্মীকে বহন করতে হবে;
- বিমান ভাড়া: নিয়োগকর্তা বহন করবে;
- মেডিকেল, বিমা, ছুটি ও অন্যান্য সুযোগ সুবিধাদি ব্রুнай-এর শ্রম আইন অনুযায়ী প্রযোজ্য হবে।

বোয়েসেল-এর সার্ভিস চার্জ ও অন্যান্য তথ্য:

- আগ্রহী প্রার্থীদের পাসপোর্ট নম্বর, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও অন্যান্য তথ্যাদি বোয়েসেল-এর প্রদত্ত লিংকে আগামী ০৭.০৪.২০২৫ তারিখ দুপুর ২ টার মধ্যে আবেদন করার জন্য অনুরোধ করা হলো। আবেদনকারী প্রার্থীদের তথ্য যাচাই বাছাই করে প্রাথমিকভাবে তালিকা প্রস্তুত করা হবে এবং কোম্পানির প্রতিনিধি কর্তৃক প্রার্থীদের সাক্ষাৎকার গ্রহণ করে চূড়ান্তভাবে নির্বাচন করা হবে;
- অসম্পূর্ণ আবেদন গ্রহণযোগ্য নহে;
- “আগে আসলে আগে পাবেন” ভিত্তিতে অনলাইনে আবেদন করার সুযোগ রয়েছে (নির্ধারিত পদের বিপরীতে ১:১০ অনুপাতে আবেদন সংখ্যা জমা হলে সিস্টেম স্বয়ংক্রিয় ভাবে বন্ধ হয়ে যাবে);
- ইন্টারভিউ-এর সময় প্রার্থীদের ইংরেজি জীবন বৃত্তান্ত, মূল পাসপোর্ট ও অভিজ্ঞতার সনদ সঙ্গে আনতে হবে।
- নিয়োগকর্তা/ প্রতিনিধি কর্তৃক নির্বাচিত কর্মীদের বোয়েসেল-এর সার্ভিস চার্জ এবং ভ্যাট, এআইটি, বিমা, ওয়েজ আর্নিস ওয়েলফেয়ার ফি, রেজিস্ট্রেশন ফি ইত্যাদি আনুষঙ্গিক ব্যয়সহ =৪৪,৮৫০/- (চুয়াল্লিশ হাজার আটশত পঞ্চাশ) টাকা র পে-অর্ডার করতে হবে। “বোয়েসেল, ঢাকা” নামে সোনালী ব্যাংক, মগবাজার শাখায় পে অর্ডার করে বোয়েসেল অফিসে মূল কপি জমা করতে হবে। ভিসা ফি ও বাংলাদেশের মেডিকেল টেস্টের ফি কর্মীকে বহন করতে হবে;
- আবেদন লিংক: brms.boesl.gov.bd;
- বোয়েসেল কর্তৃপক্ষ উক্ত নির্বাচন প্রক্রিয়া সম্পর্কিত যে কোন সিদ্ধান্ত গ্রহণ করতে পারবে;
- অনলাইনে আবেদন কোন প্রার্থীর চাকুরির নিশ্চয়তা প্রদান করে না;
- জরুরী যোগাযোগ: ০২-৪৮৩১৯১২৫, ০২-৪৮৩১৭৫১৫, ০২-৫৮৩১১৮৩৮;
- কর্মীদের অনলাইনে আবেদনের ক্ষেত্রে আবেদনকারীকে অবশ্যই আবেদন ফি বাবদ বিকাশ ০১৭৬৫৪১১৬৫৩ নম্বরে ১০০ টাকা পরিশোধ করে ট্রানজেকশন আইডি প্রদানের মাধ্যমে আবেদন করতে হবে।
- যুদ্ধ বিগ্রহ, প্রাকৃতিক বিপর্যয় ও মহামারীর কারণে মধ্যপ্রাচ্য, সিরিয়াসহ বিভিন্ন দেশ হতে বাধ্যতামূলকভাবে ফেরত আসা কর্মীগণ পুনরায় বিদেশ গমনে আগ্রহী হলে সংশ্লিষ্ট ট্রেডে দক্ষতা ও অভিজ্ঞতা থাকা সাপেক্ষে অগ্রাধিকার দেওয়া হবে।
- ইংরেজী ও মালয় (মালয়েশিয়া) ভাষা জানা প্রার্থীদেরকেও অগ্রাধিকার দেওয়া হবে।

বিএমইটি-এর অধীনস্থ কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র হতে সংশ্লিষ্ট কাজে প্রশিক্ষণপ্রাপ্ত ও দক্ষ কর্মীদের অগ্রাধিকার দেয়া হবে।

বোয়েসেল কোন নগদ অর্থ গ্রহণ করে না বিধায় কাউকে কোন অর্থ প্রদান করবেন না।
বিদেশে কর্মী নিয়োগ প্রক্রিয়ায় বোয়েসেলের কোন এজেন্ট/সাব এজেন্ট/প্রতিনিধি বা শাখা অফিস নেই।

Signature

Signature
২৭.৩.২৫
বোয়েসেল কর্তৃপক্ষ।

অফিস ঠিকানা :

প্রবাসী কল্যাণ ভবন (৫ম তলা)

৭১-৭২ ইস্কাটন গার্ডেন



যোগাযোগ নম্বর :

ফোন

: +৮৮ ০২-৪৮৩১৯১২৫, ০২-৪৮৩১৭৫১৫, ০২-৫৮৩১১৮৩৮